

প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর
আমদানি ও রপ্তানি শাখা

দরপত্র নং : ঢাকপিআই/সিএন্ডএফ/এয়ার/০১/২০১৮-১৯
খ্রিঃ

তারিখঃ ৩০-০১-২০১৯

সি এন্ড এফ এজেন্ট নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ কর্তৃক আকাশ পথে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা-এর মাধ্যমে আমদানি ও রপ্তানিতব্য বিভিন্ন প্রকার উড়োজাহাজ ও জিএসই এর যন্ত্র/যন্ত্রাংশ/ইনফ্লাইট সার্ভিস আইটেম/দ্রব্যাদি/মুরগীর বাচ্চা/পোল্ট্রি মালামাল ইত্যাদি কাস্টম খালাসের নিমিত্তে ০২ বছর মেয়াদে নিয়োগের জন্য প্রকৃত সিএন্ডএফ এজেন্টগণের নিকট হতে এক খাম পদ্ধতিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। বৈধ সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স এবং ট্রেড লাইসেন্সের অধিকারী, কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন সিএন্ডএফ এজেন্টগণই কেবলমাত্র দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

দরপত্রের সকল শর্ত ও নিয়মাবলীসহ দরপত্র সিডিউল ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান পূর্বক ব্যবস্থাপক, ক্যাশ এন্ড ব্যাংকিং, বিমান প্রধান কার্যালয়, বলাকা ভবন (নীচতলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা হতে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক আগামী ২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে।

আমদানি ও রপ্তানি শাখা, বিমান প্রশাসনিক ভবন (২য় তলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ২৫/০২/২০১৯ খ্রিঃ তারিখে বেলা ১২০০ ঘটিকা (স্থানীয় সময়) পর্যন্ত সীলমোহরকৃত দরপত্র গৃহীত হবে এবং ঐ দিনই প্রশাসনিক ভবনের ২য় তলায় মিনি কন্ফারেন্স রুমে দুপুর ১৪৩০ ঘটিকায় (স্থানীয় সময়) দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। ডাক বা ফ্যাক্সযোগে প্রেরিত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মোঃ সারোয়ার হোসেন

ব্যবস্থাপক বাণিজ্যিক সম্ভার